

ঢাকা ওয়াসা

- ১। সাপাশো(রক্ষণাবেক্ষণ)বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সায়েদাবাদ পানি শোধনাগার এর লে-আউটের কপি।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। প্রাক্কলনের কপি।

বিষয়ঃ Illuminating Different Building of SWTP to Observe Day With National Importance.

১.০। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেষ্টার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। অত্র প্রতিষ্ঠানটি দ্বিতীয় শ্রেণীর কেপিআই এর অন্তর্ভুক্ত। বিধায় আমাদের দেশের জাতীয় বিভিন্ন দিবস উদ্যাপন উপলক্ষে অত্র শোধনাগারের প্রশাসনিক ভবনে আলোকসজ্জা করার রীতি প্রচলন রয়েছে। তারই ধারাবাহিকতায় চলমান অর্থ বছরে জাতীয় বিভিন্ন দিবস উদ্যাপন উপলক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার কম্পাউন্ড এবং প্রশাসনিক ভবনে আলোকসজ্জা করার প্রয়োজন।

২.০। আলোচ্য আলোকসজ্জা করণ বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের উপর ভিত্তি করে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ২,৯৮,৮০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার আটশত) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩.০। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র (DPM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৮৭ এবং প্যাকেজ নং-W-41 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি (DPM) পদ্ধতিতে কাজটি ঠিকাদারী প্রতিষ্ঠান A.F.L Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।


৪.০। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Illuminating different building of SWTP to observe day with national importance.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি (DPM) পদ্ধতিতে সরাসরি A.F.L Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ২,৯৮,৮০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার আটশত) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের আওতাধীন।


২৪/০৭/২০২৫
শ্রী কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



২৪/০৭/২৫
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৭-০৭-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SS, WSTP-C

অনুমোদিত।

XEN (M)


০৭/০৭/২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।